



নারীর অগ্রযাত্রাই দেশের অগ্রগতি: ডা. জুবাইদা রহমান



ডা. জুবাইদা রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশকে এমন একটি রাষ্ট্র হিসেবে গড়ে তোলার প্রত্যাশা ব্যক্ত করেছেন ডা. জুবাইদা রহমান, যেখানে নারীরা নিরাপদ ও সম্মানজনক জীবন যাপন করতে পারবেন।

রোববার (৮ মার্চ) সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তন-এ আয়োজিত আন্তর্জাতিক নারী দিবসের আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, মানুষের সবচেয়ে বড় শক্তি তার অদম্য মানসিক দৃঢ়তা। খালেদা জিয়া-র নারীনেতৃত্বের মূল শক্তি ছিল তার অবিচল মনোবল ও সাহসী নেতৃত্ব।

নারী দিবস উপলক্ষে সততা, মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার আহ্বান জানিয়ে তিনি বলেন, নারীর উন্নয়ন নিশ্চিত হলে দেশও এগিয়ে যায়।

ডা. জুবাইদা রহমান আরও বলেন, দেশের নারী ও কন্যাশিশুরা নিরাপদ পরিবেশে সম্ভাবনাময় উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তুলবে। তাদের সাহস, মেধা ও নেতৃত্বই আগামীর বাংলাদেশকে সমৃদ্ধ করবে।

সমতা, মর্যাদা ও ন্যায়ভিত্তিক সমাজ গঠনে অঙ্গীকারের কথাও তুলে ধরেন তিনি।